

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
www.kishoreganjnilphamarj.gov.bd



স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০০১.২৩- ৬২৫

তারিখ : ২৫ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
০৯ জুলাই, ২০২৩খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলাধীন নিতাই ইউনিয়নের পরিষদের দফাদারের এর ০১টি পদ শূন্য হওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ এর ৩(১) এর (ক) এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৩(১) এর (ক) বিধি অনুযায়ী নিতাই ইউনিয়নের দফাদারের এর শূন্যপদ পূরণ এবং প্রয়োজনে প্যানেল তৈরীর লক্ষ্যে নিতাই ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা হলো।

ক্রমিক নং	পদের নাম	ইউনিয়নের নাম	পদের সংখ্যা	ওয়ার্ড নম্বর ও ইউনিয়নের নাম	মাসিক বেতন ও প্রচলিত জাতাদি (উৎসব)	বয়স	শিক্ষাগত যোগ্য
০১	দফাদার	নিতাই	১	নিতাই ইউনিয়ন	সরকারী অংশ = ৩৫০০/- এবং ইউপি অংশ = ৩৫০০/-	১৮-৩০ বছর (সরসরি নিয়োগের ক্ষেত্রে)	(১) সরসরি নিয়োগের ক্ষেত্রে কোন স্বীকৃত বোর্ড ইইতে অনুমিত দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (২) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে মহান্দার পদে অনুমিত ১০ বৎসর চাকুরী। ন্যূনতম ৮ম শ্রেণি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ

আবেদনের শর্তাবলীঃ

- আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী বরাবরে আগামী ৩১/০৭/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতিত) সরাসরি/ ডাকযোগে প্রেরণ করতে হবে।
- আবেদনকারীকে অবশ্যই নিতাই ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা কমপক্ষে ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ কমপক্ষে ৩২ ইঞ্চি এবং ওজন কমপক্ষে ৫০ কেজি হতে হবে। মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা কমপক্ষে ৫ ফুট, বুকের মাপ কমপক্ষে ২৮ ইঞ্চি এবং ওজন কমপক্ষে ৪৫ কেজি হতে হবে।
- প্রার্থীকে শারীরিক ও মানসিক ভাবে ত্রুটিমুক্ত এবং সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।
- আবেদনকারীকে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) পদের নাম (ইউনিয়নের নাম ও ওয়ার্ড নম্বরসহ) (ছ) জন্ম তারিখ (জ) ৩০ জুলাই ২০২৩ তারিখে বয়স (ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) (ড) জাতীয় পরিচয় নম্বর (ঢ) শিক্ষাগত যোগ্যতার বিবরণঃ

পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	বোর্ডের নাম	প্রাপ্ত বিভাগ/জিপিএ	পাশের সাল	মন্তব্য
--------------	-------------------------	-------------	---------------------	-----------	---------

- আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
(ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।
(খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি এবং ১ম শ্রেণি গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র। সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীলমোহর থাকতে হবে।
(গ) প্রার্থীকে কিশোরগঞ্জ শাখার যে কোন রস্ট্রায়ন্স ব্যাংক হতে ৫০০/- টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।
- ৩০ জুলাই ২০২৩ তারিখে বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার পুত্র/কন্যাদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেফিট গ্রহণযোগ্য হবে না।
- মুক্তিযোদ্ধা প্রার্থীকে এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পুত্র/ কন্যা হিসেবে প্রার্থীকে আবেদনের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মূল সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- নির্বাচনী পরীক্ষা/মৌখিক পরীক্ষা/ শারীরিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ প্রয়োজনে সরকারি নির্দেশনার আলোকে কোন শর্ত সংশোধন ও পরিবর্তন, পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা নিয়োগ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সকল শর্তাবলী পালন করা হবে।

০৯/০৭/২৩

(নূর-ই-আলম সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী।

LCR- www.kishoreganjnilphamarj.mopa.gov.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

- ১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
- ৩। অফিসার ইন চার্জ, কিশোরগঞ্জ থানা, কিশোরগঞ্জ, নীলফামারী।
- ৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কিশোরগঞ্জ, নীলফামারী। বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েবপোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৫। চেয়ারম্যান, নিতাই ইউনিয়ন পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
- ৬। সচিব, নিতাই ইউনিয়ন পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী। তাকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ওয়ার্ড ও ইউনিয়নে ব্যাপক প্রচার, ইউনিয়ন পরিষদের ওয়েবপোর্টালে প্রকাশসহ ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে প্রদর্শন করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। অফিস কপি/নোটিশ বোর্ড।

Amirul
০৯/০৭/২৩

উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী।